

সুবিধাবঞ্চিত শিশুদের সঙ্গীতশিক্ষায় সামিটের সহায়তা অব্যাহত



ফটো ক্যাপশন: সুবিধাবঞ্চিত শিশুদের সঙ্গীতচর্চার জন্য সামিটের সহায়তা প্রদান অব্যাহত থাকবে। সামিট গ্রুপের পরিচালক আজিজা আজিজ খান এসিসিএ, সামিট পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মোজাম্মেল হোসেন, সুরের ধারার চেয়ারপারসন অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যা ও এমএফডি স্বেচ্ছাসেবক ট্রেজারার ড. তীব্র আলী (বাম থেকে)।

(ঢাকা) ৬ই অক্টোবর ২০২৩, রবিবার: সুবিধাবঞ্চিত শিশুদের সংস্কৃতি পরিচিতির মাধ্যমে জীবনে সঠিক পথ প্রদর্শনের জন্য সুরের ধারার মিউজিক ফর ডেভেলপমেন্ট (এমএফডি) প্রোগ্রামে সামিট আর্থিকভাবে সহায়তা অব্যাহত রাখবে। এই লক্ষ্যে সম্প্রতি ঢাকার সামিট সেন্টারে অনুদান চুক্তি স্বাক্ষর করেন সামিট পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মোজাম্মেল হোসেন ও সুরের ধারার চেয়ারপারসন ও স্বনামধন্য রবীন্দ্রসঙ্গীত শিল্পী অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যা।

সামিট গ্রুপের পরিচালক ও সিএসআর কমিটির সদস্য **আজিজা আজিজ খান (এসিসিএ)** বলেন, “সামিট গভীরভাবে বিশ্বাস করে, সর্বস্তরের শিশুদের সংস্কৃতিচর্চার মাধ্যমে সামাজিক সম্প্রীতি বাড়বে। এমএফডির সকল মেধাবী শিক্ষক, স্বেচ্ছাসেবক ও শিক্ষার্থীদের আমি অভিনন্দন জানাই, তাঁদের এই প্রচেষ্টার জন্য।”

সামিট এক যুগেরও বেশি সময় ধরে সুরের ধারার মিউজিক ফর ডেভেলপমেন্ট (এমএফডি) প্রোগ্রামে সহায়তা করে আসছে। এমএফডির আওতায় সুবিধাবঞ্চিত শিশুদের সঙ্গীতচর্চার পাশাপাশি প্রাতিষ্ঠানিক শিক্ষাও দেওয়া হয়। সামিটের সহায়তায় এই প্রতিষ্ঠানের প্রাক্তন-শিক্ষার্থীদের মধ্যে অনেকে বর্তমানে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করছেন, অন্যদিকে অনেকে ইতিমধ্যে সফলভাবে স্নাতক সম্পন্ন করেছেন।

উর্ধ্বতন কর্মকর্তাদের মধ্যে এমএফডি স্বেচ্ছাসেবক কোষাধ্যক্ষ ড. তীব্র আলী, সামিটের পক্ষ থেকে সেলিম খান, চিফ অব লিগ্যাল কাউন্সিল কারিশমা জাহান, সিনিয়র জেনারেল ম্যানেজার ইঞ্জিনিয়ার একেএম আসাদুল আলম সিদ্দিকী, সিনিয়র জেনারেল ম্যানেজার (অ্যাডমিন) কর্নেল জাওয়াদুল

ইসলাম (অবঃ) এবং ডেপুটি জেনারেল ম্যানেজার -চেয়ারম্যান'স অফিস লেঃ কর্নেল আবুল কালাম আজাদ (অবঃ) চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মিউজিক ফর ডেভেলপমেন্ট (এমএফডি) সম্পর্কে: স্বনামধন্য রবীন্দ্রসঙ্গীত শিল্পী অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যার প্রতিষ্ঠিত সঙ্গীত বিদ্যালয় সুরের ধারার একটি ব্যতিক্রমী উদ্যোগ হলো মিউজিক ফর ডেভেলপমেন্ট (এমএফডি)। বিদ্যালয়টি ঢাকার বস্তির সুবিধাবঞ্চিত শিশুদের সঙ্গীত শেখানোর মাধ্যমে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে অঙ্গিকারবদ্ধ। বিস্তারিত জানতেঃ www.musicfordevelopment.net

সামিটের সিএসআর কার্যক্রম: সামিট বাংলাদেশের সর্ববৃহৎ অবকাঠামো প্রতিষ্ঠান এবং আমাদের কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) কার্যক্রমের মাধ্যমে আমরা যেসব এলাকায় ব্যবসা পরিচালনা করি সেখানকার সামাজিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। সুবিধাবঞ্চিতদের জন্য শিক্ষা, শিল্প ও সংস্কৃতি, খেলাধুলা, স্বাস্থ্যসেবা এবং সামাজিক সেবার সুবিধা উন্নত করার লক্ষ্যে বিভিন্ন বেসরকারি সংস্থার (এনজিও) সঙ্গে আমাদের দীর্ঘদিনের অংশীদারিত্ব আছে। সামিটের জ্যেষ্ঠ নেতৃত্বের অংশগ্রহণে সিএসআর কমিটি পরিচালিত হচ্ছে এবং ইতিপূর্বে সিএসআর কার্যক্রমের জন্যে সামিট পুরস্কৃত হয়েছে। বিস্তারিত জানতেঃ <https://summitpowerinternational.com>

বিস্তারিত জানতে:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল/হোয়াটসঅ্যাপ:
+৮৮০১৭১৩০৮১৯০৫